বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ১৬শ সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : রবিবার, ১১ জুলাই ২০১০

সময় : বিকাল ৫:০০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার, সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি

উপস্থিতি:

জনাব কাজী আশরাফুল আলম	-	সহ-সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	কোষাধ্যক্ষ
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	পরিচালক

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ২৮ জুন ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০
৪. 'গ্লোবাল ইন্ডিয়া আইসিটি সামিট' এবং 'ই-ইন্ডিয়াতে' অংশগ্রহণ
৫. সমিতিতে সদস্যতা প্রসঙ্গে
৬. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ২৮ জুন ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি ২৮ জুন ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ২৮ জুন ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তার নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:
সভাপতি ২৯ জুন থেকে ৩ জুলাই পর্যন্ত বিসিএস কম্পিউটার সিটির নির্বাহী কমিটির নিবৃাচন পরিচালনা সংক্রান্ত কাজে জড়িত থেকে সাফল্যজনকভাবে নির্বাচন পরিচালনা করেন। ৭ই জুলাই ২০১০ তিনি ঢাকার ল্যাপটপ ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে যোগ দেন। ৮ই জুলাই ২০১০ সভাপতি ফার্মগেটের এঞ্জেলস স্কুলের প্রথম বার্ষিক বিজ্ঞান মেলার উদ্বোধন করেন। ১০ জুলাই সকালে সভাপতি বেসিস কার্যালয়ে ইইএফ সংক্রান্ত একটি সভায় সভাপতিত্ব করেন। একই দিনে তিনি বিসিএস কম্পিউটার সিটির বার্ষিক সাধারণ সভায় নব নির্বাচিতদের ফলাফল ঘোষণা করেন, পরিচয় করিয়ে দেন ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান পরিচালনা করেন।

আলোচ্যসূচি-৩ : বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০

আলোচনা : সভাপতি 'বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০' আয়োজন সম্পর্কে সভায় অবহিত করেন, তিনি এবং মহাসচিব বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করেছেন। ৩০ অক্টোবর-০২ নভেম্বর ২০১০ মোট ০৪ দিনের জন্য মেলা আয়োজনের জন্য উক্ত সম্মেলন কেন্দ্রটি ভাড়ায় পাওয়া যাবে। সভাপতি এ ব্যাপারে আলোচনা করার জন্য পরিচালকদের দৃষ্টি আকর্ষণ করেন। এ পর্যায়ে তিনি আসন্ন মেলার আহ্বায়ক হিসেবে মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন -এর নাম প্রস্তাব করেন এবং বিসিএস-এর কার্যনির্বহী কমিটি সার্বিকভাবে মূল কমিটির দায়িত্ব পালন করবে বলেও তিনি প্রস্তাব করেন। এতে সবাই সম্মতি প্রদান করেন।

সিদ্ধান্ত :

- ৩০ অক্টোবর-০২ নভেম্বর ২০১০ মোট ০৪ দিন বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিসিএস-এর উদ্যোগে মেলা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- মেলার আহবায়ক হিসেবে বাংলাদেশ কম্পিউটার সমিতি'র জনাব মজিবুর রহমান স্বপন দায়িত্ব পালন করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিসিএস-এর কার্যনির্বাহী কমিটি মূল কমিটি হিসেবে দায়িত্ব পালন করবে বলে সিদ্ধান্ত নেয়া হয়।

আলোচ্যসূচি-৪ : 'গ্লোবাল ইন্ডিয়া আইসিটি সামিট' এবং 'ই-ইন্ডিয়াতে' অংশগ্রহণ

আলোচনা : সভাপতি সভায় অবহিত করেন, ইন্ডিয়ান চেম্বার অব কমার্স ৬-৭ আগষ্ট ২০১০ তারিখে দিল্লীতে অনুষ্ঠিতব্য 'গ্লোবাল ইন্ডিয়া আইসিটি সামিট' এবং 'ই-ইন্ডিয়াতে' অংশগ্রহণ করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছে। মাননীয় প্রতিমন্ত্রী দেশের আইসিটি খাতের প্রতিনিধি-সহ সেখানে যাওয়ার ইচ্ছা ব্যক্ত করেছেন। সভাপতি সমিতির সম্মানার্থে নিজ খরচে বিসিএস এর পক্ষ থেকে উক্ত প্রতিনিধিদলের সাথে 'গ্লোবাল ইন্ডিয়া আইসিটি সামিট' এবং 'ই-ইন্ডিয়াতে'

অংশগ্রহণ করবেন বলে জানান। এতে পরিচালকবৃন্দ সভাপতিকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তার সিদ্ধান্তের সাথে একাত্মতা প্রকাশ করেন।

সিদ্ধান্ত : সভাপতি নিজ খরচে বিসিএস এর পক্ষ থেকে বাংলাদেশের প্রতিনিধিদলের সাথে ৬-৭ আগষ্ট ২০১০ তারিখে দিল্লীতে অনুষ্ঠিতব্য 'গ্লোবাল ইন্ডিয়া আইসিটি সামিট' এবং 'ই-ইন্ডিয়াতে' অংশগ্রহণ করবেন।

আলোচ্যসূচি-৫ : সমিতিতে সদস্যতা প্রসঙ্গে

আলোচনা :

- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা ও সরেজমিনে পরিদর্শন শেষে এম,বি, সফটওয়্যার, ইনকোটেল এবং রাম কম্পিউটার - মোট ৩টি কোম্পানির সমিতিতে সদস্যপদ আবেদনপত্র সভায় উপস্থাপন করেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উল্লিখিত কোম্পানিগুলোর সমিতিতে সদস্যপদ অনুমোদনে সায় প্রদান করেন।

সিদ্ধান্ত :

- সমিতিতে নিম্নলিখিত ৩ টি কোম্পানির সদস্যপদ অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়:

কোম্পানির নাম	সদস্য নং
এম,বি, সফটওয়্যার	৭৮৩
ইনকোটেল	৭৮৪
রাম কম্পিউটার	৭৮৫

আলোচ্যসূচি-৬ : বিবিধ

আলোচনা :

- কোষাধ্যক্ষ জনাব মোঃ আক্তারুজ্জামান সভায় অবহিত করেন, কয়েকটি প্রতিষ্ঠানের কাছে সমিতির পাওনা টাকা দীর্ঘদিন যাবৎ বকেয়া আছে। বিসিএস সচিবালয় থেকে পাওনা আদায়ের জন্য নিয়মিত তাগিদ দেওয়া হচ্ছে। এ ব্যাপারে তিনি সভাপতির মাধ্যমে পরিচালকদের মতামত প্রদানের অনুরোধ করেন। সভাপতি পাওনাদার প্রতিষ্ঠানগুলোতে পুনরায় পাওনা আদায়ের তাগিদ দিয়ে পত্র প্রদান করত: সরাসরি কথা বলার জন্য কোষাধ্যক্ষকে অনুরোধ করেন। এতে পরিচালকগণ একমত পোষণ করেন।
- পরিচালক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর সভায় অবহিত করেন, বাংলাদেশ কম্পিউটার সমিতির সাথে যৌথভাবে তথ্যপ্রযুক্তি সচেতনতা কর্মসূচি, প্রশিক্ষণ কর্মসূচি প্রভৃতি আয়োজনে মোবাইল ফোন কোম্পানী 'রবি' আগ্রহ প্রকাশ করেছে। এ ব্যাপারে তিনি একটি প্রস্তাবনা মোবাইল ফোন কোম্পানী 'রবি'-তে পাঠানোর অভিমত ব্যক্ত করেন। এতে সকলে একমত পোষণ করেন।
- তথ্যপ্রযুক্তি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিসিএস এর উদ্যোগে মোবাইল কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন প্রস্তাব করেন। তিনি

বলেন, এক বা একাধিক গাড়িতে ইন্টারনেট সংযোগ-সহ কম্পিউটার স্থাপন করা যেতে পারে যা ঘুরে বেড়াবে সারা দেশে এবং নতুন প্রজন্মকে কম্পিউটার ব্যবহারে উদ্বুদ্ধ করবে। এ ব্যাপারে তিনি সভাপতির মাধ্যমে পরিচালকদের মতামত প্রদানের অনুরোধ করেন। পরিচালকগণ এই উদ্যোগকে স্বাগত জানান এবং পৃষ্ঠপোষকতার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে প্রস্তাব প্রেরণের পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্ত :

- যেসব প্রতিষ্ঠানগুলোতে বিসিএস এর বকেয়া রয়েছে সেসব প্রতিষ্ঠানগুলোতে পুনরায় পাওনা আদায়ের তাগিদ দিয়ে পত্র প্রদান করত: সরাসরি কথা বলার জন্য কোষাধ্যক্ষ জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মত হন।
- মোবাইল ফোন কোম্পানী 'রবি'-তে যৌথভাবে তথ্যপ্রযুক্তি সচেতনতা কর্মসূচি, প্রশিক্ষণ কর্মসূচি প্রভৃতি আয়োজনের একটি প্রস্তাবনা পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
- মোবাইল কম্পিউটার ল্যাব স্থাপনের লক্ষ্যে পৃষ্ঠপোষকতার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি